বাংলাদেশকে এখন আর কেউ তলাবিহীন ঝুড়ি বলে না

নাইক্ষ্যংছড়ি প্রতিনিধি :
বিশ্ব নেতৃবৃন্দ একসময় বাংলাদেশকে তলাবিহীন ঝুড়ির দেশ হিসেবে অপবাদ দিলেও এখন আর কেউ তা বলেন না। বরং তারা উন্নয়নের জন্য এদেশকে অনুসরণ করতে বলছেন। নাইক্ষ্যংছড়ি উপজেলা প্রশাসনের উদ্যোগে তিনদিনব্যাপী উন্নয়ন মেলা-২০১৭ এর সমাপনী অনুষ্ঠানে বক্তারা এসব মন্তব্য করেন।

বক্তারা আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে ক্ষুধা-দারিদ্রমুক্ত মধ্যম আয়ের দেশে পরিণত হবে।

১১ জানুয়ারী বুধবার নাইক্ষ্যংছড়ি উপজেলা পরিষদস্থ উম্মুক্ত মঞ্চে অনুষ্ঠিত উন্নয়ন মেলার সমাপনী আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান মো. কামাল উদ্দিন। এর আগে গত ৯ জানুয়ারি সকালে মেলাটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়। বক্তারা তাদের বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বিগত সময়ে দেশের বিভিন্ন সেক্টরে উন্নয়নের ফিরিস্তি তুলে ধরেন।

উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মো. শাহ আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার এস,এম সরওয়ার কামাল, মহিলা ভাইস চেয়ারম্যান হামিদা চৌধুরী, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কমল কান্তি পাল, কৃষি কর্মকর্তা মো. মনিরুজ্জামান, হিসাব রক্ষণ কর্মকর্তা সুগত সেবক বড়ুয়া, উপজেলা শিক্ষা অফিসার আবু আহমদ, সমবায় কর্মকর্তা জাহাঙ্গীর আলম, বিএলআরআই বৈজ্ঞানিক

কর্মকর্তা ডা. মো. আশাদুল আলম, ডা. মোখলেসুর রহমান মুকুল, জনস্বাস্থ্য প্রকৌশলী শাহ আজিজ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা: সাগর দেব তপু, পরিবার পরিকল্পনার ডা. তম্ময় বড়ুয়া, একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমন্বয়কারী মুহম্মদ মহিউদ্দিন, উপজেলা আওয়ামীলীগ সদস্য সচিব মো. ইমরান, মহিলা মেম্বার জুহুরা বেগম, ছাত্রলীগ সভাপতি বদুর উল্লাহ, সাধারণ সম্পাদক উবাচিং মার্মা প্রমুখ।

সমাপনী সভায় মেলায় অংশ গ্রহণকারীদের মাঝে নির্বাচিতদের পুরস্কার প্রদান করা ছাড়াও সকল বিভাগকে সনদ প্রদান করা হয়।

তিনদিনব্যাপী মেলায় উপজেলার বিভিন্ন দপ্তর সমূহ মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং অন্যান্য মাধ্যমে সরকারের বিগত সময়ের সফল কর্মকান্ডের চিত্র তুলে ধরা হয়।